এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

রাজশাহী শিক্ষা বোর্ড–২০১৭ বিষয় কোড | ২ | ৫ | ৩ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও]

হিসাববিজ্ঞান : প্রথম পত্র (সৃজনশীল)

'ক' বিভাগ

১. পিয়াল সার্ভিসিং সেন্টারের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

পিয়াল সার্ভিসিং সেন্টার

রেওয়ামিল, ৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	হিসাবের শিরোনাম	ক্রেডিট টাকা
হাতে নগদ	৪০,০০০	মূলধন পিয়াল	৮৫,০০০
প্রাপ্য হিসাব	৫০,০০০	সেবা আয়	৭০,০০০
অগ্রিম বিমা	১০,০০০	অবচয় সঞ্চিতি- আসবাবপত্র	৫,০০০
বেতন খরচ	১২,০০০	অনুপার্জিত সেবা আয়	৮,০০০
ভাড়া খরচ	১৫,০০০	প্রদেয় হিসাব	২৫,০০০
সাপ্লাইজ	২৪,০০০		
আসবাবপত্র	৪০,০০০		
উত্তোলন	২,০০০		
	১,৯৩,০০০		১,৯৩,০০০

অন্যান্য তথ্যাবলি :

(১) প্রতি মাসে বিমা খরচ অতিক্রান্ত হয় ৭৫০ টাকা।
(২) বছর শেষে অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৪,০০০ টাকা।
(৩) অনুপার্জিত সেবা আয়ের ৬,০০০ টাকা অর্জিত হয়েছে।
(৪) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর।

(ক) নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) নিট সেবা আয় ৮০,০০০ টাকা ধরে নিট আয়/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) নিট আয় ১৬,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

২. সাফিন ট্রেডার্সের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

সাফিন ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	হিসাবের শিরোনাম	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৫০,০০০	১৫% ভ্যাটসহ বিক্রয়	২,৮৭,৫০০
১৫% ভ্যাটসহ ক্রয়	১,৯৫,৫০০	প্রদেয় হিসাব	৪০,০০০
মজুরি	২০,০০০	অনাদায়ী পাওনা সঞ্চিতি	৫,০০০
বেতন	৩৬,০০০	ব্যাংক জমাতিরিক্ত	১১,৫০০
বিজ্ঞাপন	২০,০০০	মূলধন	৪,২৯,৫০০
প্রাপ্য হিসাব	৫০,০০০	ভ্যাট চলতি হিসাব	৩০,০০০
আসবাবপত্র	১,০০,০০০		
যন্ত্রপাতি	২,০০,০০০		
ভাড়া	৪০,০০০		
বিক্রয় পরিবহন	৫০,০০০		
অনাদায়ী পাওনা	২,০০০		
হাতে নগদ	৪০,০০০		
	৮,০৩,৫০০		৮,০৩,৫০০

অন্যান্য তথ্যাবলি :

(১) সমাপনী মজুদ পণ্য ৬০,০০০ টাকা।
(২) বকেয়া মজুরি ২,০০০ টাকা।
(৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য কর।
(৪) যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য কর।

(ক) ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২
(খ) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
(গ) মোট আয় ১,১০,০০০ টাকা ধরে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের বিশদ আয়-বিবরণী তৈরি কর। ৪

খ বিভাগ

৩। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে মি. সবুজ নগদ ২,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। ঐ মাসের অন্যান্য লেনদেনগুলি নিম্নরূপ :

জানুয়ারি ৪ নগদ বিক্রয় ৪০,০০০ টাকা।
৭ ধারে ক্রয় ২০,০০০ টাকা
১০ ব্যাংকে জমা দেয়া হলো ১০,০০০ টাকা।
১৫ যন্ত্রপাতির ক্রয় ২৫,০০০ টাকা।
১৮ ভাড়া প্রদান ৫,০০০ টাকা।

২২ ধারে বিক্রয় ২৪,০০০ টাকা।
২৭ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৭,০০০ টাকা।
৩০ প্রাপ্য হিসাব হতে পাওয়া গেল ১০,০০০ টাকা।

(ক) প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ১
(খ) ৪, ১০, ১৮ ও ২৭ তারিখের লেনদেনগুলির জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই)। ২
(গ) ৭, ১৫, ২২ ও ৩০ তারিখের লেনদেনগুলির হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৩

৪. **নিম্নলিখিত লেনদেনগুলি ২০১৫ সালের জুলাই মাসে রায়হান এন্ড কোং-এর ব্যবসায় হতে নেয়া হয়েছে :**

জুলাই ১ প্রারম্ভিক নগদ তহবিল ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
৪ বেলার নিকট হতে ১২,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১১,৭০০ টাকা পাওয়া গেল।
৯ নগদে বিক্রয় ১৫,০০০ টাকা।
১২ নগদে পণ্য ক্রয় ৬,০০০ টাকা।
১৭ ব্যাংকে জমা ৩০,০০০ টাকা।
২০ নগদে যন্ত্রপাতি বিক্রয় ২০,০০০ টাকা।
২৫ রফিককে তার পাওনা ২০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,০০০ টাকার চেক দেয়া হলো।
২৭ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৪,০০০ টাকা।
২৯ চেকে সুদ প্রাপ্তি ৭,০০০ টাকা।
৩০ ধারে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।

(ক) ২৭ ও ৩০ জুলাইয়ের লেনদেন দুটির জাবেদা দাও। ২
(খ) ১, ১২, ১৭ ও ২৫ জুলাইয়ের লেনদেনগুলি নিয়ে তিনঘরা নগদান বই তৈরি কর। ৪
(গ) ৪, ৯, ২০ ও ২৯ জুলাইয়ের লেনদেনগুলি নগদপ্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪

৫. **রবি ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। ২০১৬ সালের এপ্রিল মাসে তার ব্যবসায়ের সম্পাদিত লেনদেনগুলি নিম্নরূপ :**

এপ্রিল ১ প্রধান ক্যাশিয়ারের নিকট হতে প্রাপ্তি ৭০০ টাকা।
৩ কাগজ ক্রয় ১০০ টাকা।
৬ বাসভাড়া ২০ টাকা।
১০ টেলিগ্রাম খরচ ৫০ টাকা।
১৫ বাকিতে আসবাবপত্র ক্রয় ৬০০ টাকা।
২২ ডাক খরচ ১৪০ টাকা।
২৪ নাস্তা খরচ ৬০ টাকা।
২৫ বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ২০০ টাকা।
৩০ কাগজ ও কলম ক্রয় ৮০ টাকা।

(ক) খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলোর পরিমাণ নির্ণয় কর। ২
(খ) অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই তৈরি কর। ৪
(গ) খুচরা খরচগুলির জন্য সংশ্লিষ্ট খতিয়ান তৈরি কর। ৪

৬. **২০১৬ সালের ৩০ জুন তারিখে পিয়াস স্টোরের নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৮৫,০০০ টাকা। ব্যাংক বিবরণী অনুযায়ী উক্ত উদ্বৃত্ত সঠিক ছিল না। হিসাব যাচাই করে নিম্নোক্ত পার্থক্যগুলি পাওয়া যায় :**

(১) দেনাদারের নিকট হতে প্রাপ্ত ৩৫,০০০ টাকার চেক আদায়ের জন্য ব্যাংকে জমা কিন্তু ব্যাংক কর্তৃক ৩০ জুন পর্যন্ত আদায় হয়নি।

(২) বিনিয়োগের সুদ ৫,০০০ টাকা ব্যাংক কর্তৃক আদায়, কিন্তু এখনো নগদান বইতে লেখা হয়নি।

(৩) ব্যাংক কর্তৃক ১৫,০০০ টাকার প্রদেয় বিল পরিশোধ কিন্তু ৩০ জুন পর্যন্ত নগদান বইতে লেখা হয়নি।

(৪) পাওনাদারকে পরিশোধের জন্য ২০,০০০ টাকার চেক ইস্যু করা হয় কিন্তু ব্যাংক কর্তৃক এখনো পরিশোধ হয়নি।

(৫) ব্যাংক কর্তৃক মঞ্জুরকৃত সুদ ২,০০০ টাকা এবং ধার্যকৃত কমিশন ১,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।

(ক) ব্যাংক বিবরণীতে লেখা হয়নি, এমন এন্ট্রিগুলি চিহ্নিত কর। ২

(খ) ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

(গ) ২, ৩ ও ৫নং লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

৭. **রোজ ট্রেডার্সের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলি নিম্নরূপ :**

ক্রয় ৭০,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ ৪০,০০০ টাকা; মূলধন ৮৫,০০০ টাকা; প্রদেয় নোট ২৫,০০০ টাকা; ১০% ব্যাংক ঋণ ৫০,২০০ টাকা; বিমা প্রিমিয়াম ৭,৫০০ টাকা; ভাড়া ৫,০০০ টাকা; সাপ্লাইজ ৮,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ১০,০০০ টাকা; সমাপনী মজুদ ৬০,০০০ টাকা; আসবাবপত্র ৮০,০০০ টাকা; প্রদেয় হিসাব ১,০০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৮৯,০০০ টাকা; হাতে নগদ ২০,০০০ টাকা; উত্তোলন ৫,০০০ টাকা; নিট আয় ৫৪,৩০০ টাকা; প্রারম্ভিক ব্যাংক জমা ১২,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত উদ্বৃত্ত হতে যেগুলি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, তার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্য হতে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) রেওয়ামিল তৈরি কর। ৪

৮. **২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে বেলাল এন্টারপ্রাইজের অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ছিল ৭,০০০ টাকা। ৩০ জুন তারিখে হিসাবভুক্ত অনাদায়ী পাওনার পরিমাণ ৩,০০০ টাকা। উক্ত বছরে মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৮,০০০ টাকা; ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত ছিল ৯০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করে।**

(ক) অলিখিত অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপরোক্ত লেনদেনগুলির জাবেদা দাও। ৪

(গ) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব ও অনাদায়ী দেনা হিসাব তৈরি কর। ৪

৯. **মুক্ত ট্রেডার্সের ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখের রেওয়ামিল নিম্নরূপ :**

হিসাব শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	২,৪২০	
মূলধন		২৩,৫২০
আসবাবপত্র	১১,৫০০	
প্রাপ্য হিসাব	২,৪০০	
প্রদেয় হিসাব		১,১০০
বিক্রয়		২৩,৪০০
ভাড়া	২০,৫০০	
	৪৮,০২০	৪৮,০২০

অন্যান্য তথ্যাবলি :

(১) ধারে বিক্রয় ৫,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি।

(২) বকেয়া বেতন ৪,০০০ টাকা।

(ক) ১ ও ২নং সমন্বয়গুলির সমন্বয় জাবেদা দাও। ২

(খ) ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। ৪

(গ) সমাপনী জাবেদা দাও। ৪

১০. মোহনা ট্রেডার্স ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ২০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানি হিসাব বন্ধ করে এবং স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করে।

(ক) বার্ষিক অবচয় খরচের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ২০১৬ সালের অবচয় সংক্রান্ত জাবেদা দাও। ৪

(গ) ২০১৬ ও ২০১৭ সালের পুঞ্জিভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

১১. সাকিব তার হিসাবের বই একতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায়ের মূলধন ছিল ৬০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের আর্থিক অবস্থা নিম্নরূপ :

	টাকা
নগদ তহবিল	২০,০০০
ব্যাংক জমা	৫০,০০০
প্রাপ্য হিসাব	৪০,০০০
১০% বিনিয়োগ	৫০,০০০
প্রদেয় হিসাব	২৫,০০০
৬% ব্যাংক ঋণ	২০,০০০
মজুদ পণ্য	১৫,০০০
আসবাবপত্র	৭০,০০০

উক্ত বছরে জনাব সাকিব নগদ ১৫,০০০ টাকা এবং ৫,০০০ টাকার পণ্যদ্রব্য নিজ প্রয়োজনে উত্তোলন করেন।

অন্যান্য তথ্যাবলি :

(১) ক্যাশ বাক্স হতে চুরি হয়েছে ১৫,০০০ টাকা; কিন্তু হিসাবভুক্ত হয়নি।

(২) প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য কর।

(৩) মূলধনের উপর ১০% সুদ ধার্য কর।

(ক) সমাপনী মূলধন নির্ণয় কর। ২

(খ) লাভ-লোকসান বিবরণী তৈরি কর (সমাপনী মূলধন ১,৭০,০০০ টাকা ধরে)। ৪

(গ) নিট আয় ১,৫১,৬০০ টাকা ধরে বৈষয়িক বিবরণী তৈরি কর। ৪

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

বহুনির্বাচনি অভিক্ষা

সময় ঃ ৩০ মিনিট

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. হিসাববিজ্ঞানের তিনটি 'C' দ্বারা কী বুঝায়?
ⓚ Cost, Control, Convention
ⓛ Cost, Conservatism, Consistency
ⓖ Cost, Consistency, Consumer
ⓘ Cost, Communicating, Customer

২. বৈদ্যুতিক সংস্থাপন ব্যয় একটি–
i. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
ii. মুনাফা জাতীয় ব্যয়
iii. মূলধন জাতীয় ব্যয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii
ⓖ iii ⓘ i, ii ও iii

৩. স্টেশনারি প্রারম্ভিক মজুদ ১,৫০০ টাকা; ক্রয় ৪,৫০০ টাকা। সমাপনী মজুদ ৫০০ টাকা হলে স্টেশনারি ব্যয়ের পরিমাণ কত?
ⓚ ১,০০০ ⓛ ৫,৫০০
ⓖ ৬,০০০ ⓘ ৬,৫০০

নিচের উদ্দীপকটি পড়ে ৪, ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:

মামুন এন্টারপ্রাইজ
রেওয়ামিল (আংশিক)
৩১ ডিসেম্বর ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য হিসাব	১,২০,০০০	
অনাদায়ী পাওনা	১৫,০০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		১২,০০০

সমন্বয় : অলিখিত বিক্রয় ৮০,০০০ টাকা। বছর শেষে মোট অনাদায়ী পাওনার পরিমাণ হবে ১৭,০০০ টাকা।

৪. যদি প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখা হয়, তাহলে চলতি বৎসরের অনাদায়ী পাওনা সঞ্চিতি কত হবে?
ⓚ ১৬,৮০০ ⓛ ১৮,০০০
ⓖ ১৮,৩০০ ⓘ ১৯,৮০০

৫. যদি অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% বাট্টা সঞ্চিতি রাখা হয়, তাহলে বাট্টা সঞ্চিতির পরিমাণ কত হবে?
ⓚ ৮,৯১০ ⓛ ৮,৩২৫
ⓖ ৮,২৩৫ ⓘ ৫,৩১০

৬. চলতি বৎসর অনাদায়ী পাওনা খরচ বাবদ আয় বিবরণীতে কত টাকা দেখাতে হবে?
ⓚ ৩৯,০০০ ⓛ ৩৬,৮০০
ⓖ ৩২,০০০ ⓘ ২৪,৮০০

৭. যদি বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন করা হয়, তাহলে কোন হিসাবটি ক্রেডিট করা হবে?
ⓚ প্রদেয় হিসাব ⓛ প্রাপ্য হিসাব
ⓖ বিক্রয় হিসাব ⓘ ক্রয় হিসাব

৮. কায়েসের নিকট হতে ১০% বাট্টায় পাওয়া গেল ৫,৪০০ টাকা। বাট্টার পরিমাণ কত?
ⓚ ৪৯০ ⓛ ৪৯১
ⓖ ৫৪০ ⓘ ৬০০

৯. অনুপার্জিত আয় দ্বারা নিচের কোনটিকে বুঝায়?
ⓚ দায় ⓛ সম্পদ
ⓖ আয় ⓘ ব্যয়

১০. বকেয়া খরচের জন্য নিচের কোন হিসাবগুলি প্রভাবিত হবে?
ⓚ আয় ও দায় ⓛ ব্যয় ও দায়
ⓖ ব্যয় ও সম্পদ ⓘ সম্পদ ও দায়

১১. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় করা হলে কোন হিসাব ডেবিট করতে হবে?
ⓚ আসবাবপত্র হিসাব ⓛ প্রাপ্য হিসাব
ⓖ ক্রয় হিসাব ⓘ বিক্রয় হিসাব

১২. আমানতকারীকে বিভিন্ন সেবা প্রদানের জন্য ব্যাংক কর্তন করে–
i. কমিশন
ii. ব্যাংক চার্জ
iii. উৎস কর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৩, ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও:

জনাব আঃ রাজ্জাক তাঁর ব্যবসায়ের হিসাব একতরফা দাখিলা পদ্ধতিতে রাখেন। ২০১৬ সালে তাঁর প্রারম্ভিক ও সমাপনী মূলধন ছিল যথাক্রমে ২,৫০,০০০ টাকা ও ৩,৫০,০০০ টাকা। তিনি সারা বৎসর ধরে প্রতি মাসের ১ম তারিখে ১,০০০ টাকা করে নগদ ও মোট ১,৫০০ টাকার পণ্য উত্তোলন করেন। তিনি জুন ৩০, ২০১৬ তারিখে ব্যক্তিগত তহবিল হতে ৫০,০০০ টাকা দিয়ে কারবারের জন্য একটি ডেলিভারি ভ্যান ক্রয় করেন।

১৩. ২০১৬ সালে কারবারের নিট লাভের পরিমাণ কত?
ⓚ ৩৬,০০০ ⓛ ৩৬,৫০০
ⓜ ৩৬,৭২৫ ⓝ ৬৩,৫০০

১৪. যদি মূলধনের উপর ১০% সুদ ধরা হয় তাহলে মূলধনের সুদ কত হবে?
ⓚ ১৫,০০০ ⓛ ২৫,০০০
ⓜ ২৭,৫০০ ⓝ ২৭,৯১৬

১৫. উত্তোলনের উপর সুদ ধার্য করা না হলে আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়বে?
ⓚ নিট আয় হ্রাস পাবে ⓛ মূলধন বৃদ্ধি পাবে
ⓜ দায় বৃদ্ধি পাবে ⓝ নিট ক্ষতি বৃদ্ধি পাবে

১৬. ব্যাংক আমানতকারীর আমানতের উপর মঞ্জুর করে–
i. মুনাফা
ii. লভ্যাংশ
iii. সুদ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও iii ⓛ ii ও iii
ⓜ i ও ii ⓝ i, ii ও iii

১৭. প্রাপ্য হিসাবকে নিট আদায়যোগ্য মূল্যে দেখানোর ক্ষেত্রে হিসাববিজ্ঞানের কোন নীতি প্রভাব বিস্তার করে?
ⓚ মিলকরণ নীতি ⓛ সামঞ্জস্যতার নীতি
ⓜ রক্ষণশীলতা নীতি ⓝ ঐতিহাসিক ব্যয় নীতি

নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:
জুন ৩০, ২০১৬ তারিখে তুরা এন্টারপ্রাইজ ৫০,০০০ টাকা দ্বারা একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ৭,০০০ টাকা; বহন খরচ ৩,০০০ টাকা; ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা ও আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর।

১৮. সরলরৈখিক পদ্ধতিতে ২০১৬ সালের অবচয় কত টাকা হবে?
ⓚ ১২,০০০ ⓛ ১১,০০০
ⓜ ১০,৪০০ ⓝ ৯,০০০

১৯. যদি প্রতিষ্ঠানটি দ্বিগুণ ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে, তবে অবচয়ের হার কত হবে?
ⓚ ১৬.৩৬% ⓛ ১৮.৯১%
ⓜ ২০% ⓝ ৪০%

২০. প্রদেয় খরচসমূহ সমন্বয় করার ক্ষেত্রে হিসাববিজ্ঞানের কোন ধারণা অনুসরণ করা হয়?
ⓚ বকেয়াভিত্তিক ধারণা ⓛ নগদভিত্তিক ধারণা
ⓜ মিলকরণ ধারণা ⓝ ক্রয়মূল্য ধারণা

২১. হিসাবে সম্পত্তি ক্রয়মূল্যে উপস্থাপন করা হবে। এটি কোন ধারণার উপর প্রতিষ্ঠিত?
ⓚ মিলকরণ ধারণা
ⓛ ঐতিহাসিক মূল্য ধারণা
ⓜ বকেয়াভিত্তিক ধারণা
ⓝ হিসাবকাল ধারণা

২২. ক্রেডিট দ্বারা কোনটি বুঝায়?
ⓚ সম্পদ ও দায় বৃদ্ধি
ⓛ সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি
ⓜ সম্পদ ও দায় হ্রাস
ⓝ সম্পদ বৃদ্ধি এবং দায় হ্রাস

নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও:
জানয়ারি ১, ২০১৬ তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতি এর ক্রেডিট উদ্বৃত্ত ছিল ৫,০০০ টাকা। চলতি বৎসর অনাদায়ী পাওনা বাবদ ২,০০০ টাকা ও প্রাপ্য হিসাব বাবদ ৮২,০০০ টাকা হিসাবভুক্ত হয়েছে। প্রাপ্য হিসাবের ২,৫০০ টাকা আদায়যোগ্য নয় ও ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে।

২৩. অনাদায়ী পাওনা প্রভিশন হিসাবভুক্ত করার পূর্ববর্তী প্রাপ্য হিসাবের পরিমাণ কত?
ⓚ ৭৫,৫২৫ ⓛ ৭৯,৫০০
ⓜ ৮০,০০০ ⓝ ৮২,০০০

২৪. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত?
ⓚ ৪,১০০ ⓛ ৪,০০০
ⓜ ৩,৯৭৫ ⓝ ৩,৮৭৫

২৫. সমাপনী জাবেদার পর কোন হিসাবের জের শূন্য হবে?
ⓚ বকেয়া বেতন ⓛ অগ্রিম ভাড়া
ⓜ বিমা প্রিমিয়াম ⓝ পুঞ্জিভূত অবচয়

২৬. FASB-এর পূর্ণরূপ কী?
ⓚ Financial Accounting Standard Board
ⓛ Financial Accounting Standards Board
ⓜ Financing Accounting Standards Boards
ⓝ Financial Account Standard Boards

২৭. বিক্রয় ফেরত লিপিবদ্ধ করার জন্য কোন দলিল ব্যবহার হয়?
ⓚ ডেবিট নোট ⓛ ক্রেডিট নোট
ⓜ ডেবিট ভাউচার ⓝ ক্রেডিট ভাউচার

২৮. মেশিন সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা মজুরির মধ্যে অন্তর্ভুক্ত আছে। এটি কোন ধরনের ভুল?
ⓚ লেখার ভুল ⓛ পরিপূরক ভুল
ⓜ বেদাখিলার ভুল ⓝ নীতিগত ভুল

২৯. যদি রেওয়ামিলে ১৫% বিনিয়োগ (৩১.০৩.২০১৬) ৫০,০০০ টাকা; বিনিয়োগের সুদ ১,৫০০ টাকা দেয়া থাকে, তাহলে মোট বিনিয়োগের সুদের পরিমাণ কত হবে?
ⓚ ১,৫০০ ⓛ ৪,১২৫
ⓜ ৫,৬২৫ ⓝ ৭,১২৫

৩০. চালানে দেখানো হয় কোন বাট্টা?
ⓚ প্রাপ্ত বাট্টা ⓛ প্রদত্ত বাট্টা
ⓜ পরিমাণ বাট্টা ⓝ কারবারি বাট্টা